মেহেরপুরের কুতুবপুরে অসহায় পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ

মেহেরপুরের কুতুবপুর ইউনিয়নে তুর্কি দাতব্য সংস্থার উদ্যোগে ১০০টি অসহায় পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

বুধবার এ আয়োজন কুতুবপুর কে. আর. আর. এস. মাধ্যমিক বিদ্যালয়ে সম্পন্ন হয়।

এসময় উপস্থিত ছিলেন পরার্থ ফাউন্ডেশনের আহ্বায়ক রাহিদুজ্জামান, ফেরদাউস, উপদেষ্টা মুহাদ্দিস এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক বজলুর রশিদ।

বক্তারা বলেন, এটি কোনো দান, সাদকা বা ত্রাণ নয়; সামাজিক দায়বদ্ধতা থেকে প্রতিটি মানুষকে উচিত মানুষের কল্যাণে কাজ করা, সুখে-দুঃখে পাশে থাকা।

উক্ত আয়োজনটি পরার্থ ফাউন্ডেশনের সার্বিক সহযোগিতায় সম্পন্ন হয়েছে।

গাংনীতে আদর্শ শিক্ষক ফেডারেশনের ইফতার মাহফিল

পবিত্র মাহে রমজানের তাৎপর্য ও ধর্মীয় চেতনা জাগ্রত করতে মেহেরপুরের গাংনীতে বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন, গাংনী উপজেলা শাখার উদ্যোগে এক আড়ম্বরপূর্ণ ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে গাংনী কেন্দ্রীয় ঈদগাহ মাঠে আয়োজিত এ মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও মেহেরপুর জেলা জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন খান। প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য

নাজমুল হুদা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা জামায়াতের আমির মোঃ রবিউল ইসলাম। এছাড়াও মেহেরপুর জেলা আদর্শ শিক্ষক ফেডারেশনের সভাপতি আল আমিন ইসলাম (বকুল) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা আদর্শ শিক্ষক ফেডারেশনের সভাপতি আবুল হাশেম।

ইফতার মাহফিলে বক্তারা বলেন, রমজান হলো আত্মশুদ্ধি, সংযম ও মানবিক মূল্যবোধ গঠনের এক মহিমান্বিত মাস। এ মাসের শিক্ষা কাজে লাগিয়ে ব্যক্তি ও সমাজজীবনে ন্যায়-নীতি, সততা ও ভ্রাতৃত্ববোধ প্রতিষ্ঠার ওপর গুরুত্বারোপ করেন তারা। পাশাপাশি দেশের শিক্ষা ব্যবস্থার উন্নয়ন ও নৈতিক শিক্ষার প্রসারে শিক্ষক সমাজকে আরও দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানান।

এ সময় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, শিক্ষক, সাংবাদিকসহ স্থানীয় আদর্শ শিক্ষক ফেডারেশনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতারের পূর্বে দেশ, জাতি ও মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন নিয়মিতভাবে এ ধরনের ধর্মীয় ও সামাজিক কর্মসূচি আয়োজন করে আসছে, যা সমাজে সৌহার্দ্য ও সম্প্রীতি বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

রমজানের শিক্ষায় সবাইকে নিয়ে দেশ গঠনে অঙ্গীকারবদ্ধ এনসিপি

মেহেরপুরের পিরোজপুর ইউনিয়নে রোজাদারদের অংশগ্রহণে এনসিপির দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অ্যাডভোকেট সাকিল আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “রমজানের শিক্ষায় সবাইকে নিয়ে

দেশ গঠনে কাজ করবে এনসিপি।” এই মহৎ উদ্দেশ্যে এনসিপি সর্বদা মানুষের পাশে থেকে সহনশীলতা ও ঐক্যের বার্তা ছড়িয়ে দিতে বদ্ধপরিকর।

উক্ত মাহফিলে সভাপতিত্ব করেন পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী আব্দুস সালাম।

ইফতারের পূর্ব মুহূর্তে এক বিশেষ মোনাজাতের মাধ্যমে দেশ ও মুসলিম উম্মাহর শান্তি কামনা করা হয়।

মুজিবনগরে গুম-খুনে ক্ষতিগ্রস্ত পরিবারে বিএনপির ঈদ উপহার বিতরণ

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পক্ষ থেকে মেহেরপুরের মুজিবনগরে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

উপজেলা বিএনপির কার্যালয়ে আয়োজিত এ কর্মসূচিতে ফ্যাসিস্ট শাসনামলে গুম, খুন ও নিহত পরিবারের সদস্যদের মাঝে এসব উপহার বিতরণ করা হয়। উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক চেয়ারম্যান আমিরুল ইসলামের নেতৃত্বে উপহার সামগ্রী বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়।

এ সময় উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুনুর রশিদ, উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, মোনাখালী ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক সুরুজ খান, উপজেলা বিএনপির সহ-সভাপতি আনোয়ারুল ইসলাম মাস্টার, বিএনপি নেতা রবিউল ইসলামসহ স্থানীয় নেতাকর্মীরা।

অনুষ্ঠানে বক্তারা বলেন, অসহায় ও ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাঁড়ানো দলের মানবিক দায়িত্বের অংশ এবং ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে।

মেহেরপুরে ফিলিং স্টেশন পরিদর্শন ও ভ্রাম্যমাণ আদালতের অভিযান

মেহেরপুরে ফিলিং স্টেশন পরিদর্শন ও বাজারে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করা হয়েছে।

বুধবার জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীরের নেতৃত্বে সদর উপজেলার নূর ফিলিং স্টেশন, হক ফিলিং স্টেশন এবং জেড. কে ফিলিং স্টেশন পরিদর্শন করা হয়।

পরিদর্শনকালে মজুদ রেজিস্টারের সঙ্গে সংরক্ষিত তেলের পরিমাণ মিলিয়ে দেখা হয়। এ সময় পাম্প মালিকদের তেল মজুদ থাকা সাপেক্ষে নিয়মিত সরবরাহ অব্যাহত রাখা এবং কোনো ধরনের কৃত্রিম সংকট সৃষ্টি না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

পরবর্তীতে সদর উপজেলার আমঝুপি বাজারে গরু ও খাসির মাংসের দোকানগুলোতে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করা হয়। অভিযানকালে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর ৩৯ ও ৪০ ধারায় দুইটি পৃথক মামলায় দুইজন ব্যবসায়ীকে মোট ২ হাজার ৫০০ টাকা জরিমানা করা হয়।

এছাড়া ব্যবসায়ীদের মূল্য তালিকা প্রদর্শন এবং নির্ধারিত মূল্যে মাংস বিক্রির জন্য নির্দেশনা প্রদান করা হয়।

মুজিবনগরে সম্প্রীতি

অলিম্পিয়াড অনুষ্ঠিত

তরুণদের সামাজিক উদ্যোগ প্রকল্পের আওতায় কুইজ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের “মাল্টি-স্টেকহোল্ডার ইনিশিয়েটিভ ফর পিস অ্যান্ড স্ট্যাবিলিটি (এমআইপিএস)” প্রকল্পের আওতায় এবং এফসিডিও’র অর্থায়নে মেহেরপুরের মুজিবনগর উপজেলায় অনুষ্ঠিত হলো “সম্প্রীতি অলিম্পিয়াড ২০২৬”।

মঙ্গলবার মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের হলরুমে ওয়াইপিএজি মুজিবনগরের আয়োজনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। কুইজ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সঞ্চালনায় ছিলেন পিএফজি’র সমন্বয়কারী ওয়াজেদ আলী খান।

অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, ওয়াইপিএজি সদস্য এবং ৮ম থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। বক্তব্য রাখেন পিএফজি সদস্য ও ওয়েভের সমন্বয়কারী রুকসানা খাতুন, যশোর অঞ্চলের হিসাবরক্ষক অধীশ দাশ, বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও পিস অ্যাম্বাসেডর মুনশী মোকাদ্দেস হোসেন এবং ওয়াইপিএজি সমন্বয়কারী রিয়াজ শেখ।

কুইজ প্রতিযোগিতায় শিক্ষার্থীরা সম্প্রীতি ও সাধারণ জ্ঞানের ওপর ৫০টি প্রশ্নে অংশগ্রহণ করে। প্রতিযোগিতা শেষে সেরা তিনজন বিজয়ীর নাম ঘোষণা করে পুরস্কার প্রদান করা হয়। পাশাপাশি অনুষ্ঠান বাস্তবায়নে সহযোগিতার জন্য মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়কে ক্রেস্ট প্রদান করা হয়।

বিজয়ীরা হলো প্রথম: মোছা. মোহনা খাতুন (৮ম শ্রেণি), দ্বিতীয়: আদিবা নুসরাত (৮ম শ্রেণি), তৃতীয়: সুব্রত প্রামাণিক (নবম শ্রেণি)।

অনুষ্ঠানে শিক্ষার্থীরা সম্প্রীতি, সহাবস্থান ও শান্তির গুরুত্ব নিয়ে তাদের অনুভূতি প্রকাশ করে। তারা বলেন, সমাজে হিংসা ও বিদ্বেষের বিরুদ্ধে তরুণদেরই অগ্রণী ভূমিকা রাখতে হবে। সামাজিক যোগাযোগমাধ্যমে গুজব ও বিভ্রান্তি এড়িয়ে সহনশীল সমাজ গড়ার আহ্বান জানায় তারা।

অনুষ্ঠানের শেষাংশে “আজকের তরুণরাই আগামীর সম্প্রীতি রক্ষার

নেতৃত্ব দেবে” এই স্লোগানে অঙ্গীকার গ্রহণের মাধ্যমে আয়োজনটির সমাপ্তি ঘোষণা করা হয়।

মেহেরপুরে লাইসেন্স ও হেলমেট না থাকায় জরিমানা, ফিলিং স্টেশন পরিদর্শন

মেহেরপুরে লাইসেন্স ও হেলমেটবিহীন মোটরসাইকেল চালানোর দায়ে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। একইসঙ্গে বিভিন্ন ফিলিং স্টেশন পরিদর্শন করা হয়েছে।

জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীরের নেতৃত্বে উপজেলার মা ফিলিং স্টেশন, শতাব্দী ফিলিং স্টেশন এবং জেড. কে ফিলিং স্টেশন পরিদর্শন করা হয়। এ সময় ফিলিং স্টেশনগুলোতে স্বাভাবিক কার্যক্রম লক্ষ্য করা যায়।

পরবর্তীতে সদর উপজেলার আমঝুপি এলাকায় সড়ক পরিবহন আইন, ২০১৮ অনুযায়ী মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে মোটরসাইকেলের প্রয়োজনীয় কাগজপত্র না থাকা এবং চালকদের হেলমেট না পরার দায়ে ৪টি পৃথক মামলায় মোট ১ হাজার ৬০০ টাকা জরিমানা করা হয়।

এ সময় আইন অমান্যকারীদের সতর্ক করা হয় এবং সড়ক নিরাপত্তা নিশ্চিতে নিয়ম মেনে চলার আহ্বান জানানো হয়।

মেহেরপুরে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারকে জেলা প্রশাসনের সহায়তা

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা গ্রামে সংঘটিত অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত জিনারুল ইসলামের পরিবারের পাশে দাঁড়িয়েছে জেলা প্রশাসন। মঙ্গলবার (১৭ মার্চ) সরকারি নির্দেশনা মোতাবেক জেলা প্রশাসনের পক্ষ থেকে ক্ষতিগ্রস্ত পরিবারকে তাৎক্ষণিক সহায়তা প্রদান করা হয়।

এ সময় জেলার জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট ড. সৈয়দ এনামুল কবির ঘটনাস্থল পরিদর্শন করেন এবং ক্ষতিগ্রস্ত পরিবারের খোঁজখবর নেন। তিনি অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের প্রতি গভীর সমবেদনা জানান এবং ধৈর্য ধারণ ও মনোবল অটুট রাখার আহ্বান জানান।

একই সঙ্গে তিনি আশ্বস্ত করেন যে, জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন সবসময় ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে রয়েছে এবং ভবিষ্যতেও প্রয়োজনীয় সহায়তা অব্যাহত থাকবে।

পরে জেলা প্রশাসকের পক্ষ থেকে ক্ষতিগ্রস্ত পরিবারের হাতে নগদ ১০ হাজার টাকা আর্থিক সহায়তা, ২ বান্ডিল ঢেউটিন, ২ বস্তা শুকনো খাবার এবং ২টি কম্বল প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

সিয়াম সাধনা মানুষের জীবনে

ধৈর্য, সহনশীলতা ও আত্মসংযমের শিক্ষা দেয়

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য নাজমুল হুদা বলেছেন, মোমিন মুসলমানদের আল্লাহর নির্দেশিত পথে চলতে হবে এবং পারস্পরিক ভ্রাতৃত্ববোধ গড়ে তুলে একটি সুন্দর ও শান্তিপূর্ণ সমাজ প্রতিষ্ঠা করতে হবে। তিনি বলেন, পবিত্র রমজান শুধু সংযমের মাস নয়, এটি আত্মশুদ্ধি ও মানবিক মূল্যবোধ জাগ্রত করার এক অনন্য সুযোগ।

মঙ্গলবার গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামের মল্লিক ট্রেডার্স অ্যান্ড ফার্নিচারের উদ্যোগে আয়োজিত ইফতার পূর্ব আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মল্লিক ট্রেডার্সের স্বত্বাধিকারী রাসেল মল্লিকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম মুখ্য সমন্বয়ক অ্যাডভোকেট সাকিল আহমাদ, গাংনী উপজেলা জামায়াতের আমীর ডা. মো. রবিউল ইসলাম, সেক্রেটারি মাওলানা জাহাঙ্গীর আলম, সূরা ও কর্মপরিষদ সদস্য মাওলানা জাহাঙ্গীর আলম এবং কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও জামায়াত নেতা মু. আলম হুসাইনসহ স্থানীয় নেতৃবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে নাজমুল হুদা আরও বলেন, এক মাসের সিয়াম সাধনা মানুষের জীবনে ধৈর্য, সহনশীলতা ও আত্মসংযমের শিক্ষা দেয়, যা বাকি ১১ মাসেও অনুসরণ করা উচিত। রমজানের এই শিক্ষাকে কাজে লাগিয়ে সমাজ থেকে হিংসা, বিদ্বেষ ও অনৈতিকতা দূর করে পারস্পরিক সহমর্মিতা ও ন্যায়বিচার প্রতিষ্ঠা করতে হবে।

তিনি আরও বলেন, অসহায় ও দুস্থ মানুষের পাশে দাঁড়ানো, দান-সদকা বৃদ্ধি করা এবং মানবিক মূল্যবোধ চর্চার মাধ্যমেই রমজানের প্রকৃত তাৎপর্য বাস্তবায়ন সম্ভব। সবাইকে রমজানের শিক্ষা ধারণ করে দেশ ও সমাজের কল্যাণে কাজ করার আহ্বান জানান তিনি।

আলোচনা সভা শেষে দোয়া ও ইফতারের আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

বাড়ি মেহেরপুর গ্রুপের উদ্যোগে ঈদ উপহার বিতরণ

“মানবতার কল্যাণে, সমাজের পাশে” এই স্লোগানকে সামনে রেখে বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের সদস্য ও পরিচালনা পর্ষদের সমন্বয়ে এবছরও ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৭ মার্চ) সকাল ১১টায় গ্রুপটির প্রধান কার্যালয় থেকে ১০০ জনের মাঝে এ ঈদ উপহার বিতরণ করা হয়।

বিতরণকালে উপস্থিত ছিলেন গ্রুপের প্রতিষ্ঠাতা এডমিন ও সুপ্রিম কোর্টের আইনজীবী নুরুজ্জামান বাবু, এডমিন আসাদুজ্জামান খান, এডমিন রিনু, এডমিন আ: হাদী, মডারেটর আ: রব, মডারেটর জাহাঙ্গীর আলম, সদস্য একরাম হোসেন, সুরুজ বাবু, সুমন প্রমুখ।

এডমিন ও মডারেটররা জানান, বাড়ি মেহেরপুর গ্রুপ এখন একটি সেবামূলক সংগঠনে পরিণত হয়েছে। সমাজের বিভিন্ন মানবিক কাজে অংশগ্রহণের মাধ্যমে গ্রুপের সদস্যরা মানবতার সেবা অব্যাহত রেখেছে। তারা সকলের আন্তরিক উপস্থিতি ও আর্থিক সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। এছাড়াও, সকলকে অগ্রিম ঈদ মোবারক জানিয়ে সুস্থ, নিরাপদ ও আনন্দময় থাকার আহ্বান জানান।